

## শতবার্ষিকী অনুষ্ঠান পালন করল সরোজ নলিনী দত্ত মেমোরিয়াল অ্যাসোসিয়েশন

আনন্দবাজার অনলাইন সংবাদদাতা

নারী ক্ষমতায়নের জন্য নিরবচ্ছিন্ন প্রয়াসের শতবর্ষ পূর্তি হল শহরে। ১০০ বছর পূরণ করল 'সরোজ নলিনী দত্ত মেমোরিয়াল অ্যাসোসিয়েশন'। সাহিত্যিক, আমলা এবং সমাজকর্মী গুরুসদয় দত্ত তাঁর প্রয়াত স্ত্রীর নামে ১৯২৫ সালে প্রতিষ্ঠা করেছিলেন এই সংগঠন।

০

Powered by:



Video Player is loading.

Current Time 1:27

Duration 10:12

Remaining Time 8:45

বালিগঞ্জ স্টেশন রোডে সংগঠনের দফতরে এক অনুষ্ঠানের মাধ্যমে শতবর্ষ স্মারক গ্রন্থ 'ক্যালিডোস্কোপ' প্রকাশ করা হয় রবিবার। গত ১০০ বছরে 'সরোজ নলিনী দত্ত মেমোরিয়াল অ্যাসোসিয়েশন'-এর যাত্রাপথ তুলে ধরা হয়েছে তাতে। সেই সঙ্গে রয়েছে ভবিষ্যতের দিশানির্দেশও। স্মারক গ্রন্থে গুরুসদয়-সরোজ নলিনীর পৌত্র দেবসদয় দত্তের লেখা রয়েছে।

মহিলাদের ক্ষমতায়নের উদ্দেশে সরোজ নলিনীর প্রচেষ্টা শুরু হয়েছিল ২০১৩ সালে। অধুনা বাংলাদেশের পাবনায় মহিলা সমিতি প্রতিষ্ঠার মাধ্যমে। ২০১৬ সালে বীরভূম জেলাতেও একটি মহিলা সমিতি গঠন করেছিলেন তিনি। তাঁর মৃত্যুর তিন সপ্তাহ পরে ৫০০০ টাকা অনুদান

দিয়ে 'সরোজ নলিনী দত্ত মেমোরিয়াল অ্যাসোসিয়েশন' প্রতিষ্ঠা করেছিলেন গুরুসদয়।

শতবর্ষ স্মরণিকা প্রকাশ অনুষ্ঠানে রবিবার হাজির ছিলেন, প্রাক্তন সাংসদ এবং অবসরপ্রাপ্ত আই.এ.এস অফিসার জহর সরকার, সুভাষচন্দ্র বসুর প্রপৌত্র তথা লেখক ও রাষ্ট্রবিজ্ঞানী সুমন্ত্র বসু, প্রাক্তন রাজ্য নির্বাচন কমিশনার মীরা পাণ্ডে এবং সমিতির সভাপতি অদिति চৌধুরী ও সাধারণ সম্পাদক অপর্ণা ঘোষ। প্রয়াত গুরুসদয় প্রতিষ্ঠিত আর এক সংগঠন, অ্যাডাল্ট হাই স্কুল বেঙ্গল ব্রতচারী সোসাইটির শিক্ষক ও শিক্ষার্থীদের পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে সভা সমাপ্ত হয়।